দৈনিক
ইনকিলাব

তাং 19 APR 2003
পৃষ্ঠা ১৫ কলাম ৪

# আধুনিক গ্রেডিং পদ্ধতিকে কার্যকর করার লক্ষ্যে শিক্ষকদের আন্তরিকতা বাড়াতে হবে

— চ.বি. ভিসি

**চট্টগ্রাম ব্যুরো ঃ** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে গত ১৫ এপ্রিল সকাল ১০-৩০টায় চ.বি. লাইব্রেরী মিলনায়তনে এক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন চ.বির ভিসি প্রফেসর এজেএম নুরুদ্দীন চৌধুরী এবং বিশেষ অতিথি ছিলেন প্রো-ভিসি প্রফেসর ড. মুহাম্মদ শামসুদ্দিন। সেমিনারে সভাপতিত্ব করেন চ.বি. শিক্ষক সমিতির সভাপতি ও রাজনীতি বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. হাসান মোহাম্মদ। উক্ত সেমিনারে (ক) পরীক্ষায় গ্রেডিং পদ্ধতি, (খ) বাংলাদেশের রাজনৈতিক সংস্কৃতিতে রাজনৈতিক প্রবচন এবং রাজনৈতিক উপাধির ভূমিকা ও (গ) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সেশন জট, অর্ডিন্যান্স ও প্রাসঙ্গিক বিষয়াবলী শিরোনামে প্রবন্ধ উপস্থাপন করেন যথাক্রমে পরিসংখ্যান বিভাগের প্রবীণ অধ্যাপক মনীন্দ্র কুমার রায়, বিশিষ্ট কলামিস্ট রাজনীতি বিজ্ঞান বিভাগের প্রফেসর মুহাম্মদ ইয়াহহিয়া আখতার এবং পদার্থবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক চ.বি শিক্ষক সমিতির যুগ্ম-সম্পাদক ও উক্ত সেমিনার উপ-কমিটির আহবায়ক (ভারপ্রাপ্ত) ড. একেএম হারুন-অর-রশীদ।

প্রধান অতিথির ভাষণে ভিসি প্রফেসর এজেএম নুরুদ্দীন চৌধুরী বলেন, উন্নত দেশসমূহের উন্নত শিক্ষা পদ্ধতির সাথে সামঞ্জস্য রেখে এবং ছাত্র-ছাত্রীদের শিক্ষার দ্বার সম্প্রসারিত করার উদ্দেশ্যে আমাদের দেশে পরীক্ষার গ্রেডিং পদ্ধতি চালু করা হয়। এই পদ্ধতির অনেক ইতিবাচক দিক রয়েছে। এই আধুনিক পদ্ধতিকে কার্যকর করার লক্ষ্যে শিক্ষকদের আন্তরিকতা বাড়াতে হবে এবং ছাত্র-ছাত্রীদের আধুনিক জ্ঞানার্জনের প্রতি আরও যত্নশীল হতে হবে। এর জন্য প্রয়োজন ব্যাপক আলোচনা, মতবিনিময় এবং সেমিনারের আয়োজন করা।